স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

স্কুল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্ত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই আশ্বিন বুধবার, ১৩৭২ ইং 22nd Sept. 1965 | ১৯শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

G. P. Scout

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

[illegible] বিপুলতা আধার।

পরিবেশক

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA G. P.

আনন্দময়ীর আগমনে

**শিবদুর্গা বস্ত্রালয়**

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

গ্রাহকগণের পছন্দমত নানা-প্রকার ধুতি, শাড়ী, সার্টিং ও কোর্টিং আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

**ষ্টুডেন্টস্ ফেভারিট**

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

৫ই আশ্বিন বুধবার সন ১৩৭২ সাল।

## তালে তাল

—০—

বহুদিন আগেকার কথা—বাংলা গবর্ণমেণ্টের চিফ্-সেক্রেটারী বোল্টন সাহেব তখন রামপুরহাট সাবডিভিসনের মহকুমা ম্যাজিষ্ট্রেট। এক ব্যক্তি সাহেবের কোর্টে নালিশ করলো—হুজুর, অমুক লোক আমাকে শাসিয়ে বলেছিল—তোকে এবার আকের গুড় খাওয়াব। গত রাত্রে সেই নিশ্চয় আমার দশ কাঠা জমির আক কেটে ফেলেছে। ভোরে জমির সব আক কাটা অবস্থায় পড়ে রয়েছে। নালিশ পাইবামাত্র সাহেব পুলিশকে এক দিনের মধ্যে তদন্ত করিয়া রিপোর্ট দিতে আদেশ দিলেন। সঙ্গে সঙ্গে চাপরাশি এই আদেশপত্র থানার বড় বাবুকে দিয়ে এলো। বড় দারোগা এই পরোয়ানা পাইবামাত্র বলিয়া উঠিলেন—পাগলা সাহেবের কাণ্ড দেখ—কে রাত্রে আক কেটে দিয়েছে—আমাকে তাই কিনারা করতে হবে। কাল সকালে গ্রামে গিয়ে 'সি' ফরম দাখিল করবো (তখনকার দিনে চূড়ান্ত রিপোর্টকে 'সি' ফরম বল্‌তো)। বল্‌তে বল্‌তেই বোল্টন সাহেব থানায় এসে হাজির। এসে এসেই দারোগা বাবুকে বল্‌লেন—চলো আক কাটা তদন্ত করবে। দারোগা অগত্যা সাহেবের সঙ্গে চল্‌লেন। সাহেব এক পাল ইস্কুলের ছেলে সঙ্গে নিয়ে আক কাটা গ্রামের সব বাড়ী ঘেরাও করলেন। দারোগা মনে মনে হাস্‌তে লাগলেন, আর বল্‌তে লাগলেন—পাগল আর কা'কে বলে! সাহেব দারোগাকে নিয়ে সব বাড়ী খানাতল্লাসী ক'রে প্রত্যেকের দা, হাঁসুয়া, কাস্তে নিয়ে এক এক বাণ্ডিল বেঁধে, গৃহস্থের নাম লিখে থানায় নিয়ে গেলেন। থানার গারদে সব রেখে দিলেন। সকালবেলায় গারদ খুলে দারোগাকে ডেকে দেখালেন—আমি তো পাগলা সাহেব! দেখ দেখি —Sweetness of the sugar-cane is the witness of the case. আসামীর কাস্তে, হাঁসুয়ায় পিঁপড়ে লেগেছে—সেই আক কেটেছে। তাকে বন্ধন ক'রে জেলে পাঠালেন। সাহেব তালে তাল দিয়ে আসল অপরাধী না ধরলে 'সি' ফরমই হোতো।

---

## বিশ্বকর্ম্মা পূজা

—•—

পূর্ব্বাপূর্ব্ব বৎসরের ন্যায় এবারেও রঘুনাথগঞ্জ-জঙ্গিপুর শহরে ও পল্লীগ্রামের অনেক স্থানে নানা প্রতিষ্ঠানে দেবশিল্পী শ্রীশ্রী৺বিশ্বকর্ম্মা দেবের পূজার্চ্চনা হইয়াছে। রঘুনাথগঞ্জ বিদ্যুৎ-সরবরাহ কেন্দ্রের কর্ম্মিগণ দেব-প্রতিমা দর্শনার্থীদের প্রত্যেককে প্রসাদ বিতরণ করিয়া আপ্যায়িত করিয়াছেন।

---

## বি-টি পরীক্ষায় সাফল্য

—•—

জঙ্গিপুর উচ্চ মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয়ের প্রবীণ শিক্ষক রঘুনাথগঞ্জ নিবাসী শ্রীঅবনীকুমার রায় মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্ অরুণকুমার রায় কলিকাতা ডেভিড-হেয়ার ট্রেণিং কলেজ হইতে বি-টি পরীক্ষা দিয়াছিল। শ্রীমান্ প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছে জানিয়া আমরা আনন্দিত হইলাম।

---

## সভ্য নির্ব্বাচন

গত ১৯শে সেপ্টেম্বর রবিবার জঙ্গিপুর বারের অন্যতম উকিল শ্রীরাধাগোবিন্দ সরকার মহাশয়ের সভাপতিত্বে রঘুনাথগঞ্জ উচ্চ মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয়ের বিদ্যোৎসাহী হিসাবে শ্রীবিশ্বপতি চট্টোপাধ্যায় ও শ্রীআদিনাথ চট্টোপাধ্যায় মহাশয়দ্বয় সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। অন্যান্য গ্রুপের সভ্যগণ বিনা প্রতিদ্বন্দ্বিতায় সভ্যপদ লাভ করিয়াছেন।

---

## বিশ্বকর্ম্মাপূজায় নাট্যাভিনয়

গত ২০শে সেপ্টেম্বর সোমবার রাত্রে রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটী প্রাঙ্গণে জঙ্গিপুর মহকুমা গ্রাম্য জলসরবরাহ জনস্বাস্থ্য বিভাগের প্রযোজনায় জোছন দস্তিদারের **দুই মহল** নাটক অভিনীত হয়ে গেল। প্রচুর লোক সমাগম হওয়ায় এবং ব্যবস্থাপনায় ত্রুটি থাকায় দরদী দর্শকদের পক্ষে নাট্যরস উপলব্ধিতে ব্যাঘাত ঘটেছিল। এটা বড় দুঃখের বিষয় কারণ নাটক দর্শকদের জন্য। তাদের উপেক্ষা করে কিংবা তাদের অগোচরে অভিনয় করার কোন অর্থ হয় না।

নাটকটী বহু মঞ্চ সাফল্য নাটক। দলগত অভিনয়ের দুর্ব্বলতার জন্য নাট্যরস পরিপূর্ণভাবে ফুটে উঠতে পারেনি। Team work এর প্রতি পরিচালকের দৃষ্টি দেওয়া উচিত ছিল।

ওসমানী ও মনুয়ার অভিনয় ভাল হয়েছে। রঞ্জন সান্যালের দ্বৈতরূপটী আদৌ ফুটে না ওঠায় শিল্পী দর্শকদের মনে কোন দাগ কাটতে সক্ষম হন নি। লালুয়ার অভিনয়ে রূপসজ্জার ত্রুটি অনেকের চোখে পড়বে—তা না হলে অভিনয় একরকম করেছেন। ছোনেরাম একেবারেই ব্যর্থ। অন্যান্য ভূমিকাগুলি গতানুগতিক।

তবুও বর্ত্তমান বিক্ষুব্ধ পরিস্থিতিতে মানুষকে কিছু আনন্দ দেবার জন্য শিল্পীদের ধন্যবাদ জানাচ্ছি।

---

রঘুনাথগঞ্জ সার্বজনীন দুর্গোৎসবের

## ১৩৭১ সালের পরীক্ষিত হিসাব নিকাশ

আয়—চাঁদা আদায় ৬৭৭'৫৩, প্যাণ্ডেলের বাঁশ বিক্রয় ১৮'০০ মোট আয় ৬৯৫'৫৩

ব্যয়—প্রতিমা ১৫০'০০, পূজা ১৮৫'৩১, মণ্ডপ-নির্ম্মাণ ১৪৮'১৫, বাজনা ৫২'০০, প্রতিমা নিরঞ্জন ২২'০০, আলোকসজ্জা ৬০'০০, নরনারায়ণ সেবা ৫৮'১৬, বিবিধ ৫৬'৩০ মোট ব্যয় ৭৩১'৯২

ঘাটতি ৩৬'৩৯

শ্রীঅশোক রায়, শ্রীউদয়শঙ্কর রায়, যুগ্ম সম্পাদক।

---

## রঘুনাথগঞ্জে চাউলের দর

সম্প্রতি রঘুনাথগঞ্জের চাউলের আড়তসমূহে প্রতি কেজি ১'০৬ এক টাকা ছয় পয়সা দরে চাউল বিক্রয় হইতেছে।

## ট্রেণের সময় পরিবর্ত্তন

নিম্নের সময়ানুযায়ী আগামী ১লা অক্টোবর, ১৯৬৫ হইতে ৩১শে মার্চ্চ, ১৯৬৬ পর্যন্ত ট্রেণসমূহ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে চলাচল করিবে।

আপ ট্রেণ ( বারহারোয়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭৯নং কাঃ-বারহারোয়া | আসে | ৯-৩০ | ছাড়ে | ৯.৩৮ |
| ৩৩৩নং হাওড়া ফরাক্কা | ,, | ১৫-১১ | ,, | ১৫-১৯ |
| ৩৪৫নং হাওড়া-বারঃ | ,, | ২১-২৩ | ,, | ২১-৩২ |
| ৩৩১নং হাওড়া-গয়া | ,, | ১-০২ | ,, | ১-০৭ |
| ৩৪৭নং হাওড়া-ফরাক্কা | ,, | ৪-৪২ | ,, | ৪.৫১ |

ডাউন ট্রেণ ( হাওড়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৮নং ফরক্কা-হাওড়া | আসে | ০-৫১ | ছাড়ে | ১-০১ |
| ৩৪৬নং বারঃ-হাওড়া | ,, | ৫-৫৯ | ,, | ৬-০৯ |
| ৩৩৪নং ফরক্কা-হাওড়া | ,, | ১২-৪৮ | ,, | ১২ ৫৮ |
| ৩৮০নং বারঃ-কাটোয়া | ,, | ১৬-০৮ | ,. | ১৬-১৮ |
| ৩৩২নং গয়া-হাওড়া | ,, | ১৭-৫৭ | ,, | ১৮-০৫ |

---

## অভিনন্দন সভা

গত ৪ঠা আশ্বিন মঙ্গলবার ধনপতনগর প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিদ্যালয়ের শিক্ষক মহাশয়গণের উৎসাহে ও শ্রীহরেনচন্দ্র মণ্ডলের ঐকান্তিক প্রচেষ্টায় গ্রামের প্রথম গ্র্যাজুয়েট শ্রীতুলসীচরণ মণ্ডলকে অভিনন্দন জানান হয়। শহর হইতে অধ্যাপক শ্রীমোহিত চ্যাটার্জি, শ্রীবরুণ রায়, শ্রীশচীন সেন, শ্রীরাজারাম মুন্দ্রা, শ্রীসূর্য্যনারায়ণ ঘোষাল এই সভায় যোগদান করেন।

অধ্যাপক মোহিত বাবু প্রাঞ্জল ভাষায় শিক্ষার উপকারিতার কথা গ্রামবাসিগণকে বুঝাইয়া বলেন। তুলসী তাঁহার ছাত্র। তুলসী যে কেবল ভাল ছাত্র তাহাই নহে, তুলসীর আরও গুণের কথা, কিভাবে সে দারিদ্র্য ও শত বাধা উপেক্ষা করিয়া আজও অনার্স লইয়া পড়িতেছে সে কথা সকলকে বুঝাইয়া বলেন এবং আশা করেন, এই ছোট্ট সুন্দর গ্রাম হইতে ভবিষ্যতে আরও অনেক তুলসী গড়িয়া উঠিবে। সভাশেষে শ্রীহরেনচন্দ্র মণ্ডল সমবেত অতিথিগণকে জলযোগে আপ্যায়িত করেন।

---


# ।। কৃষি সংবাদ ।।

## পাটের বীজ যতটা সম্ভব নিজেই এবার উৎপাদন করুন

আগামী বছরে পাটের বীজের অভাব হ'তে পারে

নিজের প্রয়োজনীয় পাটের ব জ নিজেকে উৎপাদন ক'রতে হলে যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করা দরকার সেগুলি হ'ল :—

১। ফসলের খানিকটা অংশ বীজের জন্য আলাদা করে রাখবেন।

২। পাট গাছের সমস্ত ফল একই সময় পাকে না। এজন্য পাকা ফল সমেত ডালগুলি পর পর কেটে নেবেন।

৩। খুব কড়া রোদে ডাল কাটলে ফল ফেটে বীজ ছড়িয়ে পড়তে পারে।

৪। ডালগুলি কাটার পর আলগাভাবে আঁটি বেঁধে, ডগা উপরের দিকে রেখে, রোদে ভাল করে শুকিয়ে নিয়ে কাঠের মুগুর অথবা গরু দিয়ে মাড়াই করবেন।

৫। বীজ সংরক্ষণের আগে ৪।৫ বার ভাল করে রোদে শুকিয়ে নিয়ে ছায়ায় ঠাণ্ডা করে বস্তায় অথবা মাটির পাত্রে ঢাকনা দিয়ে রাখবেন। ঢাকনা মাটি দিয়ে ভাল করে আটকে দেবেন।

৬। এই বীজ ঠাণ্ডা ও শুকনো জায়গায় রাখবেন।

**॥ ভাল ফসল পেতে হলে ভাল বীজের প্রয়োজন ॥**

W. B. (I & P. R.) F. P. C. (C 4)/65



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**
**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

# সুলভ ভাণ্ডার

রঘুনাথগঞ্জ চাউলপটী।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।